

💵 আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ ইসমাতুল আম্বিয়া, সাহাবায়ে কেরাম, তাকফীর, সুন্নাত ও ইমামাত রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুন্নাহ জাহাঙ্গীর (রহ.)

১০. ৫. ব্যক্তিগত ইবাদত বনাম রাষ্ট্রীয় ইবাদত

ইসলাম পরিপূর্ণ জীবনব্যবস্থা। কুরআন ও হাদীসে মানব জীবনের সকল দিকের বিধিবিধান বিদ্যমান। কোনো বিধান ব্যক্তিগতভাবে পালনীয়, কোনো বিধান সামাজিকভাবে বা রাষ্ট্রীয়ভাবে পালনীয়। প্রত্যেক বিধান পালনের জন্য নির্ধারিত শর্তাদি রয়েছে। কুরআনে 'সালাত' প্রতিষ্ঠা করতে নির্দেশ দেওয়া হয়েছে। আবার কুরআনে 'চোরের হাত কাটার', 'ব্যভিচারীর বেত্রাঘাতের' ও 'জিহাদ' বা 'কিতালের' নির্দেশ দেওয়া হয়েছে। প্রথম ইবাদতটি ব্যক্তিগত, সামাজিক ও রাষ্ট্রীয়ভাবে পালনীয়। অন্য কেউ পালন না করলেও মুমিনকে ব্যক্তিগভাবে পালন করতেই হবে। কিন্তু দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ নির্দেশটি 'রাষ্ট্রীয়ভাবে' পালনীয়। কখনোই একজন মুমিন তা ব্যক্তিগত বা গোষ্ঠিগত-ভাবে পালন করতে পারেন না। কোন্টি ব্যক্তিগত ও কোন্টি রাষ্ট্রীয় তা রাসূলুল্লাহ (ৠ্রি) ও সাহাবীগণের কর্মধারা থেকে জানতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7215

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন